মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
ক্ষেতলাল উপজেলা, জয়পুরহাট

"মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের শিক্ষা কেন্দ্র ও শিক্ষক বাছাই জাতীয় বিজ্ঞপ্তির শর্তাবলীর ১ নং শর্তানুযায়ী জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার শূণ্য কেন্দ্রের সংখ্যা ও এলাকার নাম নিম্নরুপ:-

| ক্রম | ইউনিয়নের নাম | কেন্দ্রসংখ্যা | কেন্দ্রের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | বড়তারা | ০১ টি | সহজ কুরআন শিক্ষা | ১.ক্ষেতলাল পৌরসভা, ২.বড়াইল, ৩.মাহমুদপুর ও ৪.তুলশীগঙ্গা ইউনিয়নে কেন্দ্র বরাদ্দ না থাকায় ঐ সকল ইউনিয়নের বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ০২. | আলমপুর | ০১ টি | সহজ কুরআন শিক্ষা | |
| | মোট: | ০২ টি | | |

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও যাবতীয় শর্তাবলী ০১/১২/২০২০ তারিখের প্রকাশিত (সংযুক্ত) কেন্দ্রীয় কার্যালয়ের নিয়োগ / বাছাই/ বিজ্ঞপ্তি অনুসরণ করে আবেদন করতে হবে।

বাংলাদেশ প্রতিদিন, ০২/১২/২০২০

প্রকল্প পরিচালকের কার্যালয়
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
(প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(www.ifmoushik.gov.bd)

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.১৯.১৩০.২০ তারিখঃ ০১/১২/২০২০ খ্রিঃ

# মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) শীর্ষক প্রকল্পের শিক্ষা কেন্দ্র ও শিক্ষক বাছাই বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ জেলায় সম্পূর্ণ অস্থায়ীভাবে ২০২১ শিক্ষাবর্ষে জেলা/উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে প্রাকপ্রাথমিক/সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শূন্য পদে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয় থেকে শূন্য কেন্দ্রের সংখ্যা ও এলাকার নাম ইত্যাদি জানা যাবে। কোন উপজেলায় শূন্য কেন্দ্র না থাকলে সেই উপজেলার কেন্দ্র-শিক্ষক পদে আবেদন করার প্রয়োজন নেই।

২. প্রাক-প্রাথমিক কেন্দ্রে শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ন্বরীয়ানাসহ কমপক্ষে ২য় শ্রেণির এসএসসি/দাখিল/কওমী মাদ্রাসার ২য় শ্রেণির শরহে বেকায়া/সমমানের পাস হতে হবে। আবেদনকারীকে পবিত্র কুরআন শরীফ পাঠদানে পারদর্শী হতে হবে।

৩. সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির দাখিল শরহে বেকায়া/সমমানের পাস হতে হবে। তবে সাধারণ শিক্ষায় শিক্ষিত (কমপক্ষে এসএসসি পাস) হাফেজ/মসজিদের ইমাম-মুয়াজ্জিন আবেদন করতে পারবেন। ইমাম-মুয়াজ্জিন ব্যতীত সাধারণ শিক্ষায় শিক্ষিত নারী পুরুষ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক হতে পারবেন না।

৪. শিক্ষক পদে আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে।

৫. কেন্দ্র-শিক্ষকের মাসিক সম্মানী ভাতা ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং তিনি বছরে মাসিক সম্মানীর সমপরিমাণ ২টি উৎসাহ ভাতা প্রাপ্য হবেন।

৬. আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জাতীয়তা, ধর্ম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অভিজ্ঞতা, কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৭. আবেদনপত্রের নমুনা কপি ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.islamicfoundation.gov.bd) পাওয়া যাবে।

৮. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৯. সরকারি/সরকারি অনুদানপুষ্ট কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকুরিতে নিযুক্ত থাকলে শিক্ষক পদে আবেদন করা যাবে না।

১০. আবেদনকারী যে কেন্দ্রের শিক্ষক হতে ইচ্ছুক সেই কেন্দ্রের নাম এবং শিক্ষার্থীদের তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য ৪ হতে ৫+ বছর বয়সের ৩০ জন শিক্ষার্থী এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ৩৫ জন শিক্ষার্থীর তালিকা দিতে হবে।

১১. আবেদনকারীর বাসস্থান/বাড়ি তার কেন্দ্র এলাকার ৫০০ মিটারের মধ্যে হতে হবে।

১২. প্রার্থী নিষিদ্ধ কোন রাজনৈতিক দল/গোষ্ঠী বা কোন জঙ্গি গ্রুপের সাথে জড়িত নন এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের প্রত্যয়ন থাকতে হবে।

১৩. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে তার সম্পর্কে মসজিদ কমিটি/কমিউনিটির লিখিত প্রত্যয়ন/অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

১৪. আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য প্রদান করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. আগামী ১০/১২/২০২০ তারিখ অফিস চলাকালীন নিজ নিজ জেলার ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালক বরাবর তার কার্যালয়ে/মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের উপজেলা মডেল রিসোর্স সেন্টারে আবেদনপত্র জমা দিতে হবে। প্রকল্প কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(স্বাক্ষর)
(ফারুক আহম্মেদ)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ০২-৮১৮১৫৫৪
E-mail: pdmbcmep@gmail.com

জি-১৯৩২/২০ (৮" x ২)

# চাকুরির আবেদন ফরম

| ৫X৫ সে. মি (সাম্প্রতি তোলা ছবি) |
|---|

বরাবর

.......................................................................

.......................................................................

.......................................................................

| | | | |
|---|---|---|---|
| ১ | পদের নাম ঃ | | |
| ২ | বিজ্ঞপ্তি নম্বর ঃ | প্রযোজ্য নয় | তারিখঃ দি ন মা স ব ৎ স র |
| ৩ | প্রার্থীর নামঃ | বাংলায় ঃ | |
| | | ইংরেজীতে(বড় অক্ষরে)ঃ | |
| | জাতীয় পরিচয় নম্বর ঃ | | |
| ৪ | জন্ম নিবন্ধন ঃ | | |
| ৫ | জন্ম তারিখ ঃ | | ৬. জন্মস্থান ঃ (নিজ জেলা) |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস দিন |
| ৮. | মাতার নাম ঃ | | |
| ৯. | পিতার নাম ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোষ্ট কোড নং ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |
| ১১ | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নং | ই মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২ | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪ | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ |

১৬ শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭ অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ

১৮ অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | কোটা (টিক দিন) প্রযোজ্য নয় | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র- কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারিরীক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ- গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০ | চালান / ব্যাংক ড্রাফ/ পে অর্ডার নংঃ প্রোযজ্য নয় | তারিখ ঃ দি ন মা স ব ৎ স র | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) প্রযোজ্য নয় | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর